



ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)
ডুয়েট, গাজীপুর।

স্মারক নং- ঢাশপ্রবি/IQAC/২০২৫/৫৩৭

তারিখ : ২৪/০৩/২০২৫ ইং

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ২০/০৪/২০২৫ ইং তারিখ রোজ রবিবার সকাল ০৯.৩০ ঘটিকায় অত্র বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) কর্তৃক **Training on “Research Methods: Tools and Techniques”** বিষয়ে প্রশিক্ষণ সেমিনার কক্ষ নং ৩১১ (পুরাতন একাডেমিক ভবনের ৩য় তলা) এ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ আরেফিন কাওসার। উক্ত প্রশিক্ষণে সভাপতিত্ব করবেন অধ্যাপক ড. মোঃ ওবায়দুর রহমান, পরিচালক, আইকিউএসি, ডুয়েট, গাজীপুর। এছাড়াও উক্ত প্রশিক্ষণটি পরিচালনার জন্য রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থাকবেন **Prof. Dr. Mustafizur Rahman, National University of Singapore.**

উল্লিখিত প্রশিক্ষণে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সহকারী অধ্যাপক ও প্রভাষকগণ অংশগ্রহণ করবেন। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

অধ্যাপক ড. মোঃ ওবায়দুর রহমান
পরিচালক, আইকিউএসি,
ডুয়েট, গাজীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল-

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। সকল ডিন (সদয় অবগতির জন্য);
- ৪। সকল বিভাগীয় প্রধান (বিভাগের সকল সহকারী অধ্যাপক ও প্রভাষকগণকে প্রশিক্ষণে অবহিত করার জন্য অনুরোধ করা হল);
- ৫। সকল ইনস্টিটিউট পরিচালক (ইনস্টিটিউটের সকল সহকারী অধ্যাপক ও প্রভাষকগণকে প্রশিক্ষণে অবহিত করার জন্য অনুরোধ করা হল);
- ৬। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল);
- ৭। অফিস প্রধান, প্রকৌশল অফিস (সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল);
- ৮। সংরক্ষণ নথি।